সমকাল

তারিখ 12 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ২



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে শুক্রবার রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক ও ঢাকা দক্ষিণের মেয়র সাঈদ খোকন ■ সমকাল

# রাস্তা পরিষ্কারে নর্থ সাউথের শিক্ষক-শিক্ষার্থীরা

■ বিডিনিউজ

প্রতিষ্ঠার দুই যুগ উদযাপনের অংশ হিসেবে ঢাকার রাস্তায় পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চালিয়েছে দেশের প্রথম বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

গতকাল শুক্রবার সকালে জাতীয় সংসদ ভবনের পাশে মানিক মিয়া এভিনিউতে ঢাকার দুই সিটি মেয়রকে সঙ্গে নিয়ে পরিচ্ছন্নতায় নামেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষক ও শিক্ষার্থীরা। সকাল সোয়া ৯টা থেকে প্রায় ১৫ মিনিট রাস্তার ময়লা-আবর্জনা পরিষ্কার করেন তারা।

২০১৬ সালকে ঢাকার উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের পরিচ্ছন্নতা বর্ষ ঘোষণার সঙ্গে সংহতি জানাতেই ভিন্নধর্মী এ আয়োজন বলে জানান প্রতিষ্ঠানটির কর্মকর্তারা।

কর্মসূচির শুরুতে উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক সবাইকে নিজ উদ্যোগে পরিচ্ছন্নতা অভিযানে যুক্ত হওয়ার আহ্বান জানান।

তিনি বলেন, 'সবাইকে নিজ হাতে নিজের শহর পরিষ্কারের দায়িত্ব নিতে হবে। কেবল দুই সিটি করপোরেশনের মেয়রের পক্ষে এই শহর পরিষ্কার রাখা সম্ভব নয়।'

দক্ষিণের মেয়র সাঈদ খোকন বলেন, 'সবাইকে একেকজন মেয়রের ভূমিকা পালন করতে হবে। সবাই কাঁধে কাঁধ মিলিয়ে শহরকে পরিষ্কার রাখব।'

শিগগিরই ঢাকা শহরের প্রতিটি ওয়ার্ডে ১০০টি করে ডাস্টবিন বসানোর উদ্যোগের কথা জানিয়ে তিনি বলেন, 'বাদামের খোসা, কলার খোসাটি যেন ডাস্টবিনের বাইরে না ফেলেন, তা স্মরণ রাখবেন।'

এনএসইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এমএ কাসেম, উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামসহ ট্রাস্টি বোর্ডের অন্য সদস্যরা প্রতিষ্ঠাবার্ষিকীর এ কর্মসূচিতে উপস্থিত ছিলেন।